



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী

টেলিফোন : ০৭২১-৭৭২০২৮, ফ্যাক্স : ০৭২১-৮১১৪২২, ই-মেইল : rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com ওয়েব সাইট : www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

তারিখ : ০২/০৬/২০১৯ খ্রি.

## নোটিশ

এতদ্বারা অত্র কলেজের স্নাতক (পাস) শ্রেণিতে ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭ এবং ২০১৫-২০১৬ (১ম বর্ষ, ২য় বর্ষ এবং ৩য় বর্ষ) শিক্ষাবর্ষে অধ্যয়নরত নিয়মিত ও দরিদ্র ছাত্রীদের নিকট হতে “প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি” প্রাপ্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।

### আবেদনের নিয়মাবলী (শর্তাবলীসহ) :-

- ১। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিকৃত ১ম বর্ষের ছাত্রীদের অবশ্যই রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, পরিচয় পত্রের ফটোকপি, ভর্তির প্রমানপত্রের ফটোকপি (রশিদ) এবং ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করে থাকলে এডমিট কার্ড/প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। ২০১৬-২০১৭, এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে যথাক্রমে ২য় বর্ষ ও ৩য় বর্ষে নিয়মিত ছাত্রী হিসেবে অধ্যয়নরত থাকতে হবে। স্নাতক পর্যায়ের সকল পরীক্ষার রেজিঃ কার্ড, প্রবেশপত্র এবং বর্ষ পরিবর্তনের চূড়ান্ত পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। পাশাপাশি কলেজ আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
- ৩। পুনঃভর্তি হওয়া বা অকৃতকার্য হওয়া শিক্ষার্থীরা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৪। প্রত্যয়নপত্র প্রদান সংক্রান্ত: শিক্ষার্থীর সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন /পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক একটি সনদপত্র (মূল কপি ও ফটোকপি) আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে। উল্লেখিত সনদপত্রে যে দুটো বিষয় অবশ্যই উল্লেখ থাকতে হবে— (ক) সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামসহ তার পিতা/মাতার নাম ও ঠিকানা উল্লেখপূর্বক অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম এবং (খ) অভিভাবকের জমি সম্পর্কিত নিম্নলিখিত মডেল অনুযায়ী প্রত্যয়নপত্র। \*মডেল - জেলা: রাজশাহী, থানা, বোয়ালিয়া, মৌজাঃ কাদিরগঞ্জ, দলিল নং-১২৩৪৫৬৭৮ সন: ১৯৮১ মোতাবেক জমির পরিমাণঃ ০.০৫ শতক। পৌর সভার ক্ষেত্রে-০.২০ শতক এবং অন্যান্য ক্ষেত্রে-০.৭৫ শতক বা তার কম। যেটি যে ক্ষেত্রে প্রযোজ্য। অংশীদারী দলিল হলে আনুপাতিক হারে মিললেও চলবে।
- ৫। প্রত্যয়নপত্রে উল্লেখিত জমির মূল দলিলের শুধুমাত্র ১ম পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৬। মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী, ভূমিহীন কৃষক, বয়স্ক ভাতা গ্রহণকারীর সন্তানরা তাদের দাবীর সম্পর্কে প্রমানপত্রের ফটোকপি আবেদন এর সহিত অবশ্যই সংযুক্ত করতে হবে। নচেৎ আবেদন বাতিল গণ্য হবে।
- ৭। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কসীটের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনপত্র ডাউনলোডের নিয়মাবলী:-  
[www.pmedutrust.gov.bd](http://www.pmedutrust.gov.bd) ওয়েব সাইট হতে ১। আবেদন ফরম (২ কপি) ও ২। উপবৃত্তির প্রাপ্তির শর্তাবলী (২ কপি) ডাউনলোড করত যথাযথভাবে পূরণ করতে হবে। এতদ্ব্যতীত শর্তাবলী অংশে অভিভাবক অংশে অভিভাবকের স্বাক্ষর সহ ছাত্রীকে অবশ্যই স্বাক্ষর করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বিবেচিত হবে।
- ৯। সকল ফটোকপি যথাযথভাবে সত্যায়িত হতে হবে।
- ১০। আবেদনের শেষ তারিখ: ০৯/০৫/২০১৯ শনিবার বেলা ০২:০০ ঘটিকা। কক্ষ নম্বর-১০৩।
- ১১। অসম্পূর্ণ আবেদনপত্র কোন যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ  
রাজশাহী সরকারি মহিলা কলেজ  
রাজশাহী।